

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
www.ssd.gov.bd  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ (এপ্রিল-জুন, ২০২২) কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির সভা ২৬ জুন ২০২২ তারিখে কমিটির সভাপতি সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ) এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ০৮ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ পর্যালোচনা করা হয় (সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত):

১. সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক অনুষ্ঠিত ০৮ জুন ২০২২ তারিখের সভার সিদ্ধান্তসমূহ:

- (ক) এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদনের অনলাইন লিংক সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্তকরণ;
- (খ) যে সমস্ত অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পরিবর্তন হয়েছে তাদের তথ্য হালনাগাদকরণ;
- (গ) ২৯ এবং ৩১ নম্বর প্রাতিষ্ঠানিক সেবার (নিরাপত্তা ছাড়পত্র প্রদান সংক্রান্ত) বিষয়ে সংশ্লিষ্ট শাখা এবং অধিশাখার সাথে আলোচনাপূর্বক হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করা।

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির উল্লিখিত সিদ্ধান্তসমূহের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি কর্তৃক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় (পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত):

- (ক) এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদনের অনলাইন লিংক সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা তা যাচাই করা;
- (খ) অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য হালনাগাদকরণ করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা;
- (গ) ২৯ এবং ৩১ নম্বর প্রাতিষ্ঠানিক সেবার (নিরাপত্তা ছাড়পত্র প্রদান সংক্রান্ত) তথ্যাদি হালনাগাদকরণ করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩০ জুন ২০২২ তারিখে যাচাই-বাছাইপূর্বক দেখা যায় -

- (ক) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদনের অনলাইন লিংক অন্তর্ভুক্ত করা হয়েছে;
- (খ) অনুবিভাগ/অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য শাখা রদবদল ও নতুন কর্মবন্টন অনুযায়ী হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে;
- (গ) ২৯ এবং ৩১ নম্বর (এপ্রিল-জুন, ২০২২ সময়ে হালনাগাদ অনুযায়ী ২৭ এবং ২৯ নম্বর) প্রাতিষ্ঠানিক সেবার (নিরাপত্তা ছাড়পত্র প্রদান সংক্রান্ত) তথ্যাদি (সেবার নাম ও সেবা প্রদানের পদ্ধতি) হালনাগাদকরণের কাজ সম্পন্ন করা হয়েছে।

৩. এছাড়াও সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) পরিবীক্ষণ কমিটির ২৬ জুন ২০২২ তারিখের সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

এপ্রিল-জুন, ২০২২ সময়ে (ক) পাসপোর্ট সেবা, পাসপোর্টের ভিসা স্টাম্পিং ও অন্যান্য কারণে পাসপোর্ট দেশের বাহিরে প্রেরণ ও কার্যশেষে গ্রহণ (খ) বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ এবং (গ) আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতি প্রদান সেবা কার্যক্রমে কতটি আবেদন গৃহীত হয়েছে, কতটি আবেদন সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা।

৪. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি:  
পরিবীক্ষণ কমিটি কর্তৃক সংশ্লিষ্ট শাখার প্রয়োজনীয় ডকুমেন্ট যাচাই-বাছাইপূর্বক দেখা যায় –

(ক) এপ্রিল-জুন, ২০২২ সময়ে ‘পাসপোর্ট সেবা, পাসপোর্টের ভিসা স্টাম্পিং ও অন্যান্য কারণে পাসপোর্ট দেশের বাহিরে প্রেরণ ও কার্যশেষে গ্রহণ’ নাগরিক সেবায় মোট ৭৩৩টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ৭৩৩টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে;

(খ) এপ্রিল-জুন, ২০২২ সময়ে ‘বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ’ নাগরিক সেবায় মোট ১১টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ১১টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে;

(গ) এপ্রিল-জুন, ২০২২ সময়ে ‘আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতি প্রদান’ নাগরিক সেবায় মোট ০৭টি আবেদন গৃহীত হয় এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে ০৫টি আবেদন নিষ্পন্ন করা হয়েছে। অবশিষ্ট ০২টি আবেদনের জন্য স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ হতে প্রয়োজনীয় তদন্ত প্রতিবেদন না পাওয়ায় অদ্যবধি নিষ্পন্ন করা সম্ভব হয়নি।

৫. প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

*Agul*  
60/05/2022  
থকো: মো: আইয়ুব হোসেন  
প্রোগ্রামার, আইসিটি সেল  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

*60.07.2022*  
সৈয়দ বেলাল হোসেন  
অতিরিক্ত সচিব  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

*Agul*